



প্রকাশ : ১৯ এপ্রিল, ২০১৭ ১৬:০৮
আপডেট : ১৯ এপ্রিল, ২০১৭ ১৮:০৬

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

৪ হাজার বাস বিদেশ থেকে আনার সিদ্ধান্ত মে মাসে : ওবায়দুল কাদের

| অনলাইন ডেস্ক

 ৪ হাজার বাস বিদেশ থেকে আনার সিদ্ধান্ত মে মাসে : ওবায়দুল কাদের

ফাইল ছবি

রাজধানীতে গণপরিবহন সংকট নিরসনে বিদেশ থেকে ৪ হাজার বাস আনার বিষয়ে আগামী মে মাসে সিদ্ধান্ত হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বুধবার রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে ঢাকা-চট্টগ্রাম-কক্সবাজার রুটে একটি পরিবহন সার্ভিসের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন।

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, “ঢাকার গণপরিবহন সঙ্কটে আরও বাস দরকার, আগামী মে মাসের প্রথম সপ্তাহে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পরিবহন নেতাদের নিয়ে আমার সাথে বসবেন। আরও চার হাজার গাড়ি বিদেশ থেকে আনার একটা চিন্তাভাবনা মেয়র আনিসুল হক সাহেব করছেন। সে লক্ষ্যেই বাস মালিক প্রতিনিধিদের সাথে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত নেব।”

‘সিটিং সার্ভিস’ বন্ধের নির্দেশনা অমান্য করা কোনো বাসের রুট পারমিট বাতিল করা হয়েছে কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, “প্রথমত নোটিশ তো দিতে হবে, বিআরটিএ চেয়ারম্যান বলেছেন তারা প্রস্তুতি শুরু করে দিয়েছেন। বিআরটিএ এ বিষয়ে অনুসন্ধান করে একটি তালিকা তৈরি করছে বলেও জানান তিনি।

আরেক প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, বিকালের বৈঠকে সার্বিক পরিস্থিতি পর্যালোচনার পর সবাই যদি মনে করেন যে সিটিং সার্ভিস বন্ধের সিদ্ধান্ত ‘জনস্বার্থে পুনর্বিবেচনা করা দরকার, বা আরও সংযোজন-সংশোধন করা প্রয়োজন, তাহলে সবাই মিলেই তা ঠিক করা হবে।

বিডি-প্রতিদিন/১৯ এপ্রিল, ২০১৭/মাহবুব